



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী


সভাপতি : রওনক মাহমুদ  
সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
তারিখ ও সময় : ১০/০৬/২০২১; দুপুর ১২.০০ ঘটিকা।  
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট শাহ মোঃ ইমদাদুল হক সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার ওপর গত ২৪/০৫/২০২১ খ্রি: তারিখে ফিডব্যাক প্রদানসহ কর্মপরিকল্পনাটিতে কিছু পরিমার্জনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের পরামর্শ অনুযায়ী কর্মপরিকল্পনাটিতে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনের জন্য অধীন সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ভারুয়াল সভার মাধ্যমে মতামত গ্রহণ করা হয়।

০২। সভায় ডেস্ক অফিসার জানান যে, ভারুয়াল সভায় প্রাপ্ত মতামত পর্যালোচনা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনাটিতে প্রয়োজনীয় পরিমার্জন করা হয়েছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনাটি সভায় পরীক্ষা করতঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে মতামত প্রদানের জন্য শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি সভাকে আরও অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রস্তুতকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটিতে অনুমোদনপূর্বক সভার কার্যবিবরণীসহ ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা এবং স্ব স্ব মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দৃশ্যমান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অনুরোধ জানানো হয়েছে। কমিটির সদস্যগণ কর্মপরিকল্পনাটি পরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সেটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পক্ষে অভিমত ব্যক্ত করেন।

০৩। সিদ্ধান্তঃ  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
রওনক মাহমুদ  
সচিব  
ও  
সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

